

## ইকোনমি ক্লাসের বিমান ভাড়া ১৫% ছাড় দিচ্ছে কুয়েত এয়ারওয়েজ; জুন থেকে ১১টি নতুন গন্তব্যে চলবে ফ্লাইট

- A Monitor Desk Report

Date: 25 January, 2026



ঢাকা: কুয়েত এয়ারওয়েজ তাদের চলতি বছরের গ্রীষ্মকালীন ফ্লাইট সুচিতে ইউরোপ, আফ্রিকা ও মধ্যপ্রাচ্যের ১১টি নতুন গন্তব্য যুক্ত করার ঘোষণা দিয়েছে। এছাড়া ইকোনমি ক্লাসের ভাড়া ১৫ শতাংশ পর্যন্ত ছাড় দেওয়া হয়েছে। গত বৃহস্পতিবার, ২২ জানুয়ারি ২০২৬ তারিখে প্রকাশিত এক বিবৃতিতে এসব তথ্য জানায় কুয়েতের রাষ্ট্রীয় পতাকাবাহী বিমান সংস্থাটি।

নতুন গন্তব্যগুলোর মধ্যে রয়েছে মিশরের আলেকজান্দ্রিয়া ও শারম আল শিখ, তুরস্কের আন্টালিয়া, বডরুম ও ট্রাবজোন, স্পেনের মালাগা, গ্রিসের মাইকোনোস, ওমানের সালালাহ, বসনিয়া ও হার্জেগোভিনার সারাজেভো, অস্ট্রিয়ার ভিয়েনা এবং সুইজারল্যান্ডের জুরিখ।

আগামী ৯ জুন আলেকজান্দ্রিয়া রুটে ফ্লাইট পরিচালনার মাধ্যমে নতুন গন্তব্যগুলোতে যাত্রা শুরু হবে। এরপর ১০ জুন শারম আল শিখ ও সালালাহ, ১২ জুন জুরিখ, ১৪ জুন মাইকোনোস, ১৫ জুন আন্টালিয়া, ১৬ জুন ট্রাবজোন, সারাজেভো ও ভিয়েনা এবং ১৭ জুন বডরুম রুটে ফ্লাইট চালু করা হবে।

কুয়েত এয়ারওয়েজের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) আবদুলওয়াহাব আল শাতি বলেন, “নতুন রুটে ফ্লাইট চালু করা আমাদের কৌশলগত পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ অংশ। যাত্রীদের আরও বৈচিত্র্যময় গন্তব্যে ভ্রমণের সুযোগ করে দেওয়াই এর মূল লক্ষ্য।”

এদিকে, মধ্যপ্রাচ্যের এই বিমান সংস্থাটি জানিয়েছে, আগামী ২৫ জানুয়ারি থেকে ৩০ এপ্রিল পর্যন্ত কুয়েতগামী ও কুয়েত থেকে আগত সকল ফ্লাইটের ইকোনমি ক্লাসের ভাড়া ১৫ শতাংশ ছাড় দেওয়া হবে। কুয়েত এয়ারওয়েজের ওয়েবসাইট, স্মার্টফোন অ্যাপ, বিক্রয় অফিস ও কল সেন্টারের মাধ্যমে এই অফারটি গ্রহণ করা যাবে। তবে কোডশেয়ারভিত্তিক ফ্লাইট এই ছাড়ের আওতাভুক্ত নয়। গত ২২ জানুয়ারি ২০২৬ থেকে এই অফারের আওতায় টিকিট বুকিং শুরু হয়েছে, যা আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত চলবে।

